# সোনালী ব্যাংক পিএলসি.

*বিশ্বস্ত ও স্মার্ট*

## অর্থঋণ আদালত আইন ২০০৩ (সংশোধিত ২০১০) এর ৩৩ (৫) ধারা অনুযায়ী বন্ধকী সম্পত্তির নিলাম বিজ্ঞপ্তি

এই মর্মে সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সোনালী ব্যাংক পিএলসি, স্থানীয় কার্যালয়, ঢাকা এর খেলাপী ঋণগ্রহীতা/ঋণগ্রহীতা প্রতিষ্ঠান রহিমা মজিদ নীটেক্স বিডি লিমিটেড , যার ঠিকানা- মেঘডুবি (কলের বাজার), থানা- জয়দেবপুর, জেলা-গাজীপুর। কোম্পানীর ব্যবস্থাপনা পর্ষদ নিম্নরুপঃ

(১) **চেয়ারম্যানঃ** আশরিফা কামাল নুপুর, স্বামী- মোস্তফা কামাল,পিতা- মৃত আলাউদ্দিন সরকার, মাতা- রাশিদা আলাউদ্দিন, বর্তমান ঠিকানা- বাড়ী নং-১০৩, দক্ষিণখান, পোঃ ধীরাশ্রম, থানা-গাজীপুর সদর, জেলা –গাজীপুর ও স্থায়ী ঠিকানা- বাড়ী নং-৭/বি, মীম টাওয়ার, হাক্কানী হাউজিং সোসাইটি, থানা-জয়দেবপুর, জেলা-গাজীপুর।

(২) **ব্যবস্থাপনা পরিচালকঃ** মোস্তফা কামাল, পিতা- আলহাজ্ব আব্দুল মজিদ মাস্টার, মাতা- রহিমা মজিদ, বর্তমান ঠিকানা- বাড়ী নং-১০৩, দক্ষিণখান, পোঃ ধীরাশ্রম, থানা-গাজীপুর সদর, জেলা –গাজীপুর ও স্থায়ী ঠিকানা- বাড়ী নং-৭/বি, মীম টাওয়ার, হাক্কানী হাউজিং সোসাইটি, থানা-জয়দেবপুর, জেলা-গাজীপুর।

(৩) **পরিচালকঃ আফসানা আকতার নীপা,** মৃত আলাউদ্দিন সরকার, মাতা- রাশিদা আলাউদ্দিন, বর্তমান ঠিকানা- বাড়ী নং-১০৩, দক্ষিণখান, পোঃ ধীরাশ্রম, থানা-গাজীপুর সদর, জেলা –গাজীপুর ও স্থায়ী ঠিকানা- বাড়ী নং-৭/বি, মীম টাওয়ার, হাক্কানী হাউজিং সোসাইটি, থানা-জয়দেবপুর, জেলা-গাজীপুর।

(৪) **পরিচালকঃ আলী আকবর খান,** পিতা- মৃত আব্দুল মজিদ খান, মাতা- মৃত জহুরা খাতুন, ঠিকানা- মেঘডুবি, পোঃ হায়দ্রবাদ, থানা-গাজীপুর, জেলা-গাজীপুর।

(৫)**পরিচালকঃ মোঃ শামীম খান, পিতা-** আলী আকবর খান, মাতা- নুরজাহান বেগম, ঠিকানা- মেঘডুবি, পোঃ হায়দ্রবাদ, থানা-গাজীপুর, জেলা-গাজীপুর।

খেলাপী ঋণ গ্রহীতা প্রতিষ্ঠান রহিমা মজিদ নীটেক্স বিডি লিমিটেড এর ঋণ হিসাবসমূহে ৩১/০৫/২০২৫ তারিখ ভিত্তিক ব্যাংকের পাওনা **১১,৪০,৬৫,৩৮৭.০০** (কথায়ঃ এগারো কোটি চল্লিশ লক্ষ পঁয়ষট্টি হাজার তিনশত সাতাশি) টাকা ও আদায়কালতক সুদসহ অন্যান্য পাওনাদি আদায়ের নিমিত্ত অত্র শাখার অনুকূলে বন্ধকীকৃত নিম্নেবর্ণিত স্থাবর সম্পত্তি (নির্মিত নির্মানাদিসহ) ও স্থাপিত যন্ত্রপাতি এবং হাইপোথিকেটেড মালামাল (যখন যে অবস্থায় রহিয়াছে) অর্থ ঋণ আদালত আইন ২০০৩ (সংশোধিত ২০১০) এর ৩৩ (৫) ধারার বিধান মোতাবেক নিলামে বিক্রয় করা হইবে। নিলামে ক্রয়ে আগ্রহী ক্রেতাগণের নিকট হইতে নিম্নবর্নিত শর্তাবলীতে সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে ঃ

### বন্ধকীকৃত সম্পত্তির তফসিলঃ

জেলা-গাজীপুর, উপজেলা-গাজীপুর সদর, সাব-রেজিস্ট্রি অফিস-টঙ্গী, মৌজা-মেঘডুবি, জেএল নং- সাবেক-১৪৩, হালে-৮০, খতিয়ান-নং সি.এস- ১৯, এস এ ৪২, আর এস ২০৮ দাগ নং-সিএস ও এস এ-৩৭, আর এস-৩৭, জমির পরিমাণ-৩৩ শতাংশ এবং তদুপরিস্থিত নির্মিত/নির্মিতব্য ইমারত, স্থাপিত/স্থাপিতব্য যন্ত্রপাতি, কলকজ্বা ও খুচরা যন্ত্রাংশ।
চৌহদ্দিঃ উত্তরে-গিয়াস উদ্দিন, দক্ষিণে-দেলোয়ার হোসেন, পূর্বে-শিক্ষা কল্যান ট্রাস্ট, পশ্চিমে-গিয়াস উদ্দিন ও সরকারী রাস্তা।

### শর্ত সমূহ ঃ

০১) আগামী ০৭/০৭/২০২৫ তারিখ বেলা ৪.০০ ঘটিকার মধ্যে দরপত্র শিল্প প্রকল্প অর্থায়ন বিভাগ, সোনালী ব্যাংক পিএলসি, স্থানীয় কার্যালয়, মতিঝিল, ঢাকায় রক্ষিত দরপত্র বাক্সে জমা দিতে হইবে। ঐ দিনই বেলা ৪.১৫ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হইবে। দরপত্র সরাসরি অথবা রেজিষ্ট্রি ডাকযোগে প্রেরণ করা যাইবে। রেজিষ্ট্রি ডাকযোগে প্রেরণের ক্ষেত্রে তাহা অবশ্যই উক্ত নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে উক্ত শাখা/অফিসে পৌছাইতে হইবে।

০২) দরপত্র সীলমোহরকৃত খামে এবং খামের উপর স্পষ্ট অক্ষরে বন্ধকী সম্পত্তি ক্রয়ের দরপত্র লিখিয়া দাখিল করিতে হইবে। দরপত্রে দরপত্র দাতার নাম, পিতা/স্বামীর নাম, ঠিকানা, টেলিফোন/মোবাইল নম্বর এবং প্রস্তাবিত একক প্রতি দর ও মোট মূল্য অথবা গুদামে মজুদ সমূদয় মালামাল (যেখানে যে অবস্থায় রহিয়াছে)/ সম্পত্তির মোট প্রস্তাবিত মূল্য উল্লেখ করিতে হইবে।

০৩ দরপত্র দাখিল করিবার সময় প্রযোজ্য আর্নেষ্ট মানি ও মূল্য পরিশোধের সময়সীমা নিম্নোক্ত ছকে দেওয়া হইল ঃ

| | আর্নেষ্ট মানি/ জামানতের পরিমাণ | অবশিষ্ট মূল্য পরিশোধের সময়সীমা |
|---|---|---|
| ক) | উদ্ধৃত দর ১০.০০ লক্ষ টাকা পর্যন্ত দরপত্র মূল্যের ২০% হারে | দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৩০ দিবসের মধ্যে |
| খ) | উদ্ধৃত দর ১০.০১ লক্ষ টাকা হইতে ৫০.০০ লক্ষ টাকা পর্যন্ত দরপত্র মূল্যের ১৫% হারে | দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৬০ দিবসের মধ্যে |
| গ) | উদ্ধৃত দর ৫০.০০ লক্ষ টাকার অধিক হইলে দরপত্র মূল্যের ১০% হারে | দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৯০ দিবসের মধ্যে |

পরবর্তী পৃষ্ঠায় দ্রষ্টব্য

০৪) দাখিলকৃত দরপত্রে উল্লেখিত অবশিষ্ট মূল্য নির্ধারিত সময়সীমার মধ্যে পরিশোধে ব্যর্থতায় সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হইলে দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর এবং পূর্বে বাজেয়াপ্তকৃত জামানতের অর্থ একত্রে সর্বোচ্চ দরদাতা কর্তৃক উদ্ধৃত দর অপেক্ষা কম না হইলে, উক্ত দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে মালামাল/ সম্পত্তি নিলাম খরিদ করিতে আহবান করা হইবে; এবং দ্বিতীয় সর্বোচ্চ দরদাতা (আহূত হইবার পর ০৩ নং অনুচ্ছেদে নির্ধারিত সময় সীমার মধ্যে) সম্পূর্ণ মূল্য পরিশোধ করিবেন এবং তাহা করিতে ব্যর্থ হইলে তাহার জামানতও বাজেয়াপ্ত করা হইবে। বাজেয়াপ্তকৃত জামানতের টাকা উক্ত দাবীকৃত টাকার সহিত সমন্বয় করা হইবে।

০৫) দরপত্রে উল্লেখিত মালামাল/তফসিলভূক্ত সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে কর্তৃপক্ষ দরপত্র বাতিল করিতে পারিবে।

০৬) দরপত্র দাতা এক বা একাধিক তফসিলে বর্ণিত সম্পত্তি ক্রয়ের জন্য দরপত্র জমা দিতে পারিবেন। তবে একই তফসিল ভূক্ত সম্পত্তির আংশিক দরপত্র গ্রহণযোগ্য হইবে না।

০৭) নিলাম ক্রেতা কর্তৃক সমুদয় মূল্য পরিশোধের পর প্রয়োজনীয় আইনানুগ আনুষ্ঠানিকতা সম্পাদন সাপেক্ষে নিলাম ক্রেতার অনুকূলে মালামাল/সম্পত্তি হস্তান্তর করা হইবে। নিলাম ক্রেতাকে মালামাল হস্তান্তরের/সম্পত্তির রেজিস্ট্রেশন, দখল সংক্রান্ত যাবতীয় ব্যয় বহন করিতে হইবে। প্রস্তাবকৃত মূল্যের উপর প্রদেয় মূল্য সংযোজন কর দরপত্র দাতাকে বহন করিতে হইবে।

০৮) ঋণ গ্রহীতা/প্রতিষ্ঠানের নিকট নিলামতব্য সম্পত্তি/ মালামাল সংক্রান্ত সরকারী কর/ স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের কোন দাবী/ পাওনা যথা বিদ্যুৎ, গ্যাস, পানির বিল, পৌরকর, ভূমিকর ইত্যাদি বকেয়া থাকিলে তাহা নিলাম ক্রেতাকে বহন করিতে হইবে।

০৯) কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো কিংবা কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র গ্রহন বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করে।

১০) দরপত্র গৃহীত না হইলে দরপত্র দাতাকে জামানতের টাকা সর্বোচ্চ ৩ (তিন) কর্মদিবসের মধ্যে ফেরত দেওয়া হইবে।

১১) নিলামে অংশ গ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণ বন্ধকী সম্পত্তি সম্পর্কে বিস্তারিত তথ্যের জন্য নিম্নস্বাক্ষরকারীর সহিত যোগাযোগ করিতে পারিবেন।

ডেপুটি জেনারেল ম্যানেজার
ফোন: ০২-২২৩৩৮৫৭১৬
মোবাইল- ০১৭৯৯-৯৯৮৬০৭